দৈনিক ইত্তেফাক
তারিখ 03 SEP 2007
পৃষ্ঠা ২ কলাম ৫

80 Report

# রাবির ঘটনায় ৮ শিক্ষকসহ ২০ জনের বিরুদ্ধে চার্জশিট

## অধ্যাপক সাইদুর রহমান কারা হাসপাতালে

॥ রাজশাহী অফিস ॥

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র বিক্ষোভের ঘটনায় দায়েরকৃত দুটি মামলায় আদালতে চার্জশিট দাখিল করা হয়েছে। শনিবার রাতে ও রবিবার মামলা দুটির তদন্তকারী কর্মকর্তারা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ফজলুল করিমের আদালতে এই চার্জশিট দাখিল করেন। এতে দুটি মামলায় আটক বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষক ছাড়াও আরো ৫ শিক্ষকসহ মোট ২০ জনকে অভিযুক্ত করা হয়।

জানা যায়, ২২ আগস্ট বিশ্ববিদ্যালয়ে গাড়ি পোড়ানোর মামলার এজাহারে গ্রেফতার সাবেক উপাচার্য প্রফেসর সাইদুর রহমান খান, প্রফেসর আব্দুস সোবহান, অধ্যাপক মলয় ভৌমিক ও জনসংযোগ কর্মকর্তা সাদেকুল ইসলামের নাম রয়েছে। এরা ছাড়া উল্লেখযোগ্যরা হচ্ছেনঃ গণযোগাযোগ বিভাগের অধ্যাপক দুলালচন্দ্র বিশ্বাস, সেলিম রেজা নিউটন, ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের শিক্ষক ড. চৌধুরী সারোয়ার জাহান সজল, গোলাম সাব্বির সাত্তার তাপু, মার্কেটিং বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র দিপায়ন সরকার, মিজানুর রহমান মিঠু, এমবিএর ছাত্র আওয়াজ ও সুমন।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই ফারুক জানান, রাবিতে সংঘর্ষের ঘটনায় মদদ দেয়ার অভিযোগে মতিহার থানায় জরুরি ক্ষমতা আইনে দায়ের (২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### রাবির ঘটনায় (প্রথম পৃঃ পর)

করার মামলায় আটক তিন জনসহ আরো পাঁচ শিক্ষককে অভিযুক্ত করে চার্জশিট দাখিল করা হয়েছে। এর আগে রাজশাহীর দ্রুত বিচার ট্রাইব্যুনাল আদালতে তিন শিক্ষকের জামিনের আবেদন করা হলে তা না-মঞ্জুর হয়। কারাগারে প্রেরণের পর রাবি'র সাবেক উপাচার্য প্রফেসর সাইদুর রহমান খানকে কারা হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর আগে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে তিন শিক্ষককে রিমান্ড শেষ হওয়ার চারদিন আগেই গত শনিবার জেল হাজতে পাঠান আদালত।